


না করে দেবী, টিকা দিন শ্রীষ্মি!

PREVENT
GLOBAL
HPV CANCERS

আপনার মেয়েকে আজই টিকা দিন। সার্বিকাল ক্যান্সার থেকে তার ভবিষ্যৎকে সুরক্ষিত করুন।



জরায়ুর ক্যান্সার প্রাথমিকভাবে এইচপিভি (HPV) সংক্রমণের কারণে হয়। এইচপিভি সংক্রমণ খুবই সাধারণ। **প্রায় প্রত্যেকেই** তাদের জীবদ্দশায় এইচপিভি-তে আক্রান্ত হবেন। এইচপিভি টিকা, **এইচপিভি সংক্রমণ প্রতিরোধ** করতে সাহায্য করে যা সার্বিকাল/জরায়ুমুখের ক্যান্সারের কারণ হতে পারে।

বয়স গুরুত্বপূর্ণ

বেশি বয়সে টিকা দেওয়ার চেয়ে প্রস্তাবিত বয়সে টিকা দিলে বেশীরভাগ ক্যান্সার প্রতিরোধ করা যাবে।

সঠিক
সময়

বয়স ৯-১৪




বিলম্বিত/
অতিরিক্ত
ডোজ

বয়স ১৫ ও তার বেশি



ডাক্তাররা সুপারিশ করেন যে মেয়েদের **৯ থেকে ১৪ বছর বয়সের** মধ্যে এইচপিভি টিকা দেওয়া উচিত যাতে পরবর্তীতে সার্বিকাল ক্যান্সার এবং অন্যান্য এইচপিভি সংক্রান্ত ক্যান্সার প্রতিরোধ হয়।

আজই একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করুন!



যখন আপনি আপনার মেয়েকে সময় মত টিকা দেন, ১৪ বছরের মধ্যে, আপনি তাকে বেশিরভাগ এইচপিভি ক্যান্সার থেকে রক্ষা করতে পারেন, যার মধ্যে সার্বিক্যাল ক্যান্সার অন্যতম।

এইচপিভি টিকাকরণের তারিখ: _____

৯ থেকে ১৪ বছর বয়সের মধ্যে টিকা কেন দেওয়া ?

এইচপিভি টিকা ৯-১৪ বছরের মধ্যে দেওয়া হলে তা শিশুদের জন্য সব থেকে কার্যকর কারণ অল্প বয়সে টিকা দেওয়া হলে সংক্রমণের বিরুদ্ধে শিশুদের শক্তিশালী প্রতিরোধ ক্ষমতা গড়ে ওঠে। গবেষণা বলে, বেশি বয়েসীদের টিকা দেওয়ার চেয়ে সময়মত টিকা দেওয়া হলে তা এইচপিভি ক্যান্সার থেকে বেশি সুরক্ষা প্রদান করে।

আমার মেয়ের বয়স ১৪ বছরের উপরে, আমার কি করণীয়?

মেয়েদের ১৫ বছরের জন্মদিনের আগে এইচপিভি টিকা দেওয়া হলে তা সব থেকে কার্যকর তবে এটি তার বেশি বয়সে দিলেও কিছুমাত্রায় সুরক্ষা প্রদান করবে। ১৫ বছর বা তার বেশি বয়সী মেয়েদের টিকা দেওয়া একই ভাবে নিরাপদ, কিন্তু তাদের টিকার একটি অতিরিক্ত ডোজ প্রয়োজন হবে।

এই টিকার কি পার্শ্বপ্রতিক্রিয়া আছে ?

এইচপিভি টিকাকরণ খুবই নিরাপদ। অন্যান্য ইনজেকশনযোগ্য টিকার মতো এইচপিভি টিকার পার্শ্বপ্রতিক্রিয়া সাধারণ এবং এতে জ্বর, মাথা ব্যাথা, ব্যাথা এবং যেখানে টিকা দেওয়া হয়েছিল সেখানে লাল ভাব হতে পারে। শিশুরা ইনজেকশন পাওয়ার পর হয়তো অজ্ঞান হয়ে যেতে পারে এবং তারা পড়ে গেলে আহত হতে পারে। এই রকম পড়ে যাওয়া এড়াতে আপনার শিশুকে টিকা দেওয়ার পর অন্তত ১৫ মিনিটের জন্য বসে থাকতে হতে পারে।

**টিকাকরণের খরচ এবং স্থান জানতে আপনার নিকটবর্তী
ক্লিনিক বা হাসপাতালে যোগাযোগ করুন**